গাংনীতে অগ্নিকান্ড লক্ষাধিক টাকার ক্ষতি

রান্না ঘরের চুলার আগুনে অগিন্কান্ডের সূত্রপাত হয়ে সৃষ্ট অগ্নিকান্ডে ঘরে রাখা লক্ষাধিক টাকার ফসল ও অন্যান্য মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।

বুধবার (২৩ নভেম্বর) সন্ধ্যায় গাংনী ◌্উপজেলা শহরের মহিলা কলেজপাড়া এলাকার ময়নাল হকের বাড়িতে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

বাড়ির মালিক ময়নাল হক বলেন, রান্না ঘরের চুলার আগুন থেকে অসাবধানতা বসত আগুন পাশের রুমে ছড়িয়ে পড়ে। ওই ঘরের মধ্যে থাকা ধান চালসহ অন্যান্য মালামাল পুড়ে গেছে। আনুমানিক লক্ষাধিক টাকার মালামাল পুড়ে গেছে বলে জানান তিনি।

স্থানীয়রা আগুন নেভানোর পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেন।ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌছানোর পূর্বেই সব মালামাল পুড়ে যায়।

গাংনীতে অগ্নিকান্ডে অসহায় দরিদ্রের ঘর পুড়ে ভস্মিভূত

চুলার আগুন থেকে অগ্নিকান্ডের ঘটনায় অসহায় দরিদ্রের ঘর বাড়ি পুড়ে ভস্মিভূত হয়েছে। শুক্রবার (১৯ আগষ্ট) বিকালে গাংনী উপজেলার কল্যাণপুর সর্দারপাড়া এলাকার আইতাল হোসেনের বাড়িতে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

আইতাল হোসেনের স্ত্রী আহাজান নেছা জানান, বিকালে হেসেল ঘরে রান্না করার সময় আগুন ছড়িয়ে পড়ে। এরপর আগুনের লেলিহান শিখা পাশের গোয়াল ঘরেও ছড়িয়ে যায়।

গোয়াল ঘরে থাকা দুটি গরুর মধ্যে একটি গরু সামান্য পুড়ে আহত

হয়েছে। এছাড়া ঘরে থাকা পাটকাটি ও অন্যান্য মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।

আহাজানের ছেলে ফকির আহম্মেদ জানান, আমরা গরিব মানুষ। জনপাট খেটে দিন যাপন করি। আমাদের তিনটি ঘর পুড়ে প্রায় লক্কাধিক টাকার হ্মতি হয়েছে।

স্থানীয় ইপি সদস্য কাওছার আলী বলেন, দরিদ্র এই পরিবারটি এখন অসহায় হয়ে পড়েছে। তিনি বলেন, অগ্নিকান্ডের ঘটনা ও হ্ময়হ্মতির বিষয়টি উপজেলা প্রশাসনকে জানানো হয়েছে।

মেহেরপুরে কাপড়ের দোকানে অগ্নিকাণ্ড, বিশ লক্ষ টাকার ক্ষতি

মেহেরপুর বড় বাজার সংলগ্ন আনারুল ইসলামের কাপড়ের দোকানে অগ্নিকাণ্ডে ২০ লক্ষ টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে। গতকাল শনিবার ভোরে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

কাপড়ের দোকানদার আনারুল ইসলাম জানান, শুক্রবার ঢাকা থেকে ৩ লক্ষ টাকার শীতের পোশাকসহ অন্যান্য কাপড় এনে দোকান বন্ধ করে বাড়িতে চলে যায়। শনিবার ভোর রাতে আমার কাছে ফোন আসে দোকানে আগুন লেগেছে। সংবাদ পেয়ে দোকানে পৌঁছে দেখি মেহেরপুর ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনছে। কিন্তু ততক্ষণে আমার দোকান পুড়ে শেষ হয়ে গেছে।

তিনি আরও জানান, আগুনে আমার দোকানের হিসাব সংরক্ষণের খাতা ও সকল মালামালসহ অন্তত ২০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। বিভিন্ন এনজিওর মাধ্যমে টাকা নিয়ে দোকানটা দাড় করিয়ে ছিলাম। এই অগ্নিকাণ্ডের কারণে আমি দিশেহারা হয়ে গেছি।

মেহেরপুর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার জাহিদুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে জানান, ৯৯৯ এ আমাদের কাছে একটি সংবাদ আসে। সেই সংবাদ

পেয়ে ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌঁছিয়ে তাৎক্ষণিকভাবে আগুন নিয়ন্ত্রণে আনে।

বিদ্যুৎ শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে।

গাংনীতে পাটের গুদামে আগুন, ১৫ লাখ টাকার ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার বড়বামন্দী গ্রামের পাট ব্যবসায়ী ইসরাইল হোসেনের পাটের গুদামে অগ্নীকান্ডে অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে।
বুধবার ভোর রাতে এ অগ্নীকান্ডের ঘটনা ঘটে। গাংনী থানা পুলিশের ওসি ওবাইদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

ক্ষতিগ্রস্থ ব্যবসায়ি ইসরাইল হোসেন ওই গ্রামের মৃত আব্দুস সাত্তারের ছেলে।

স্থানীয় মুদি ব্যবসায়ি কালাম জানান, ঘটনার সময় তিনি বাড়ির বাইরে আসলে আগুন দেখতে পান ও স্থানীয়দের ডেকে তোলেন। সেই সাথে খবর দেন ব্যবসায়ী ইসরাইল হোসেনকে। ফায়ার সার্ভিসকেও খবর দেয়া হয়।

ফায়ার সার্ভিস একটি টীম স্থানীয়দের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে পাট ও অন্যান্য মালামাল ভষ্মিভুত হয়।

ইসরাইল হোসেন জানান, পাট গুদামে পাট ছাড়াও ধান গম, মসুরী ছোলাসহ অন্তত ১৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়েছে। গুদামের সামনে পাটকাঠির মাথায় আগুন লাগানো ছিল। কেউ শত্রুতা করে এ কাজটি করতে পারে বলেও ধারণা করছেন তিনি।

কোটচাঁদপুরে ফোম ফ্যাক্টরীতে ভয়াবহ অগ্নিকান্ড, দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি!

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডে ফ্যাক্টরির মূল ভবন ও গোডাউন ভষ্মিভূত হয়েছে। উদ্ধার অভিযানে ফায়ার সার্ভিসের ২জন ফায়ারম্যান আহত হয়েছেন। এঘটনায় আশপাশের দোকান ও এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। রবিবার সকাল ৮টার দিকে স্থানীয় বলুহর বাসষ্টান্ডের আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

ফ্যাক্টরির ম্যানেজার সুকুমার সরকার জানান,আগুনে গুদামে থাকা ৬৫ ব্যারেল কেমিক্যাল, ৪০ ড্রাম রং, ক্যালসিয়াম পাউডার, ৭টি মেশিন, তৈরী করা ফোম,একটি (ঢাকা মেট্রো-ন- ১৮৯৫৯২) পিকাপ, ১১০ সিসির একটি মাহিন্দ্রা মোটরসাইকেল, একটি ইজিবাইক পুড়ে যায়। অগ্নিকান্ডের ঘটনায় দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান সুকুমার সরকার।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ষ্টেশন মাষ্টার মোহাম্মদ আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌছায়। কোটচাঁদপুর সহ ঝিনাইদহ ও কালিগঞ্জ ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ২ ঘন্টার চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। ফায়ার সার্ভিস ও ফ্যাক্টরি কর্তৃপক্ষ প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করছে।

ঝিনাইদহ জেলা ফায়ার সার্ভিসের উপঃ সহকারি পরিচালক তারেক হাসান ভূইয়া জানান, অগ্নিকান্ডের ঘটনায় কেউ নিহত বা গুরুতর আহত হয়নি। তিনি বলেন, তদন্ত কমিটি গঠন করে সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন,অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা চেয়ারম্যাান শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম এবং স্থানীয় রাজনৈতিক নেতা।

[illegible]

[illegible] ([illegible]) [illegible], [illegible]

[illegible]

[illegible], [illegible], [illegible]-[illegible] [illegible], [illegible], [illegible]

[illegible], [illegible]

- [ ] [ ]